



DASARATHI HAZRA MEMORIAL COLLEGE

BHATAR, PURBA BARDHAMAN, PIN-713125, WEST BENGAL

College Code - 134

ESTD.-2013 Mobile No.-9434867892

8167305526

E-mail id - bhatarcollege@gmail.com

Web Site :- bhatardhmc.in

Ref No.....

Date..১৬/১০/২০২৬..

বিজ্ঞপ্তি

এতদ্বারা দাশরথী হাজরা মেমোরিয়াল কলেজের দ্বিতীয় সেমিস্টারের সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, The University of Burdwan-এর নির্ধারিত নিয়ম অনুযায়ী, নির্দিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে প্রথম বর্ষ তথা দ্বিতীয় সেমিস্টার শেষে Undergraduate Programme থেকে Exit করার সুযোগ রয়েছে।

UG Certificate-এর জন্য গুরুত্বপূর্ণ শর্তাবলী

১. প্রয়োজনীয় ক্রেডিট: প্রথম বর্ষের শেষে মোট ৪০ (চল্লিশ) ক্রেডিট অর্জন করতে হবে।
২. Skill-Based Vocational Course: UG Certificate পাওয়ার জন্য অতিরিক্ত ৪ (চার) ক্রেডিটের Skill-Based Vocational Course সফলভাবে সম্পূর্ণ করতে হবে। কোর্সটি প্রথম বর্ষের Summer Term-এ ৮ সপ্তাহ চলবে।
৩. কোর্সের নম্বর: এই কোর্সে মোট ৫০ নম্বর থাকবে—Theory ৩০ এবং Practical ২০।
৪. SGPA/CGPA: এই অতিরিক্ত ৪ ক্রেডিট SGPA/CGPA-এর মধ্যে গণনা করা হবে না। তবে Grade Card-এ কোর্সটির উল্লেখ থাকবে।
৫. আবেদন: দ্বিতীয় সেমিস্টারের শেষে Exit নিতে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে কলেজে আবেদন করতে হবে।
৬. যোগ্যতা: UG Certificate বা Skill-Based Vocational Course-এর Certificate পাওয়ার জন্য শিক্ষার্থীকে প্রথম সেমিস্টারের সমস্ত ফলাফল পরিষ্কার (Clear) রাখতে হবে। পরবর্তীতে দ্বিতীয় সেমিস্টারের ফলাফলও পরিষ্কার (Clear) থাকলেই শিক্ষার্থী UG Certificate এবং Skill-Based Vocational Course-এর Certificate পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবে।
৭. পুনঃপ্রবেশের সুযোগ: Exit নেওয়ার পর বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়ম ও শর্ত পূরণ সাপেক্ষে Semester III-তে পুনরায় ভর্তি হওয়ার সুযোগ থাকবে।
৮. Exit ঐচ্ছিক: Exit Option নেওয়া সম্পূর্ণ ঐচ্ছিক। এটি নেওয়া বাধ্যতামূলক নয়।
৯. আবেদনের শেষ তারিখ: ০৩ / ১১ / ২০২৬। নির্ধারিত সময়ের পরে বা অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না।

Exit নেওয়ার আগে শিক্ষার্থীদের নিজ নিজ ডিপার্টমেন্টের অধ্যাপক-অধ্যাপিকাগণের সঙ্গে পরামর্শ করে Exit নেওয়ার ফলে পড়াশোনা এবং ভবিষ্যৎ শিক্ষার সুযোগ সম্পর্কে জেনে নিতে হবে। শিক্ষার্থীকে কলেজের Principal-এর উদ্দেশ্যে লিখিত আবেদনপত্রের মাধ্যমে Exit Option গ্রহণের ইচ্ছা জানাতে হবে। পূরণ করা আবেদনপত্রটি কলেজ অফিসের বাইরে রাখা নির্দিষ্ট Drop Box-এ জমা দিতে হবে।

সকল সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।




Principal
Dasarathi Hazra Memorial College
Bhatar, Purba Bardhaman